৭০

দৈনিক জনকণ্ঠ

তারিখ ..2 0 NOV 1997 ...
পৃষ্ঠা ৩ কলাম ৭

# শামসুন্নাহার হলে দু'দল ছাত্রীর সংঘর্ষ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন্নাহার হলে দু'দল ছাত্রীর মধ্যে মঙ্গলবার সংঘর্ষ হয়েছে। হল সংসদের ক্রীড়া সম্পাদিকার স্বেচ্ছাচারিতামূলক আচরণে এ সংঘর্ষের সূত্রপাত হয় বলে কয়েকজন সাধারণ ছাত্রী অভিযোগ করেছেন। এই ঘটনার কারণে সম্পাদিকার পক্ষে কয়েকজন বহিরাগত হলে আশ্রয় নিয়েছে বলে সূত্র জানায়। পরিস্থিতি থমথমে। সংঘর্ষের আশঙ্কা করা হচ্ছে।

শামসুন্নাহার হল সূত্রে জানা গেছে, হল সংসদের ক্রীড়া সম্পাদিকার ইচ্ছায় এ বছর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অছাত্রী বহিরাগত কয়েকজন অংশ নেয়। হলের সাধারণ ছাত্রীরা প্রতিযোগিতা চলাকালে এই ঘটনার প্রতিবাদ জানায়। কিন্তু ক্রীড়া সম্পাদিকা কারও কথা না শুনে ইচ্ছানুযায়ী বহিরাগতদের অংশগ্রহণ নিশ্চিত করে। পরে সাধারণ ছাত্রীরা প্রতিযোগিতায় অংশ নেয়া থেকে বিরত থাকে। মঙ্গলবার ছিল পুরস্কার বিতরণী অনুষ্ঠান। অনুষ্ঠানের আগের দিন হলের সাধারণ ছাত্রীরা হল প্রভোস্ট ও হাউসটিউটরদের কাছে এ ঘটনার বর্ণনা দিয়ে অনুষ্ঠান বন্ধের দাবি জানায়। তারা পুনরায় প্রতিযোগিতার আয়োজন করার দাবি করে। প্রভোস্ট হাউসটিউটররা ছাত্রীদের আশ্বাস দেন। কিন্তু ক্রীড়া সম্পাদিকা মঙ্গলবার তার অনুষ্ঠান শুরু করে। তখন ক্ষুব্ধ সাধারণ ছাত্রীরা অনুষ্ঠানে হামলা চালায়। উল্লেখ্য, সাত বছর আগে নির্বাচিত হল সংসদের সম্পাদিকার ছাত্রত্বও অনেক আগেই শেষ হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী কোন বহিরাগত তো নয়ই এমনকি এক হলের ছাত্রী অন্য হলের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। শামসুন্নাহার হলে প্রতিযোগিতায় বহিরাগতদের অংশগ্রহণ করতে দেয়ায় সাধারণ ছাত্রীদের মধ্যে চরম ক্ষোভ বিরাজ করছে। এ ঘটনার প্রতিবাদে গতবছর ক্রীড়া প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়া ছাত্রী হাসিনা বেগম তাঁর সকল পুরস্কার ও সার্টিফিকেট হল কর্তৃপক্ষকে ফিরিয়ে দিয়েছেন।